



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা

একাডেমিক ও ফ্লোরশিপ শাখা

রেজিস্ট্রার এর কার্যালয়

টেলিফোন: (০২৫৮৮৮৪৩৬৯৪)

ইমেইল : academic@pust.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং-পাবিপ্রবি/একা/২২৫/২২৫৬

তারিখ: ১৯/১২/২০২২ খ্রি.

ভর্তির নোটিশ (Sixth Phase)

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত সমন্বিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ এবং ষষ্ঠ পর্যায়ে ভর্তির জন্য নির্বাচিত (A, B এবং C ইউনিট) মেধাক্রমানুযায়ী প্রকাশিত ফলাফলের ভিত্তিতে বিভাগ প্রাপ্ত শিক্ষার্থী এবং কোটা দ্বিতীয় পর্যায় ও Architecture বিভাগের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ পঞ্চম পর্যায় এর জন্য মনোনীত শিক্ষার্থীদের নিম্নোক্ত স্থান ও সময়সূচী অনুযায়ী এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র জমা দিতে হবে। অন্যথায় প্রাথমিক ভর্তি বাতিল বলে গণ্য হবে। আবেদনকারীর নাম ও GST রোল নম্বর A4 সাইজের খামের উপরে লিখে মূল নম্বরপত্র দুটি খামের ভিতরে করে জমা দিতে হবে।

অনলাইনে প্রাথমিক ভর্তি ও ফি প্রদান	প্রাথমিক ভর্তি ফি ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা প্রদান: ২০/১২/২০২২ তারিখ দুপুর ১২:০০ টা হতে ২১/১২/২০২২ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত
মূল কাগজপত্র জমা	২০/১২/২০২২ তারিখ দুপুর ১২:০০ টা হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত ২১/১২/২০২২ তারিখ হতে ২২/১২/২০২২ তারিখ সকাল ১০:০০ - বিকাল ০৩:৩০ টা পর্যন্ত
মূল কাগজপত্র জমাদানের স্থান	আইসিটি সেল (প্রশাসনিক ভবনের ৫ম তলা)


ইতোমধ্যে প্রাথমিক ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্যঃ

- আবেদনকারী একটি বিশ্ববিদ্যালয়ে ভর্তি থাকা অবস্থায় অন্য এক বা একাধিক বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য মনোনীত হলে তার পছন্দমত অন্য বিশ্ববিদ্যালয়ে মাইগ্রেশন (University Migration) ২১/১২/২০২২ তারিখ রাত ১১:৫৯ টার মধ্যে অনলাইনে সম্পন্ন করতে পারবে। সেক্ষেত্রে পূর্বের বিশ্ববিদ্যালয়ে আর ভর্তির জন্য বিবেচিত হবে না।
- বিশ্ববিদ্যালয় মাইগ্রেশন সম্পন্ন করলেও মূল কাগজপত্র যে বিশ্ববিদ্যালয়ে জমা আছে সেখানেই থাকবে।
- GST-ভুক্ত কোন বিশ্ববিদ্যালয়ে ইতিমধ্যে প্রাথমিক ভর্তি সম্পন্ন করে থাকলে পুনরায় ভর্তি হতে হবে না।

Seventh Phase হতে নিম্নে উল্লেখিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়া চলবেঃ

- আবেদনকারী GST গুচ্ছভুক্ত এক বা একাধিক বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হলে তাকে অবশ্যই তার পছন্দমত একটি বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। অন্যথায় GST গুচ্ছভুক্ত কোনো বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারবে না।
- এই পর্যায়ে থেকে প্রাথমিক ভর্তিকৃত বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য কোনো বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হবে না (বিশ্ববিদ্যালয় মাইগ্রেশন সম্পূর্ণরূপে বন্ধ)।
- ভর্তিকৃত বিশ্ববিদ্যালয়ে তার বিভাগ পছন্দক্রম ও মেধা স্কোরের ভিত্তিতে প্রযোজ্যক্ষেত্রে বিভাগ মাইগ্রেশন চলমান থাকবে।

ভর্তি পদ্ধতি সংক্রান্ত বিস্তারিত তথ্য ও অনলাইনে প্রাথমিক ভর্তি সম্পন্ন করার প্রয়োজনীয় বিবরণ যথাক্রমে GST Admission System ও GST Admission Guideline - এ প্রদত্ত।


১৯.১২.২০২২

(মোঃ ফজলে রাব্বী খান)

অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক ও সদস্য সচিব

২০২১-২০২২ GST গুচ্ছভুক্ত

সমন্বিত ভর্তি পরীক্ষা কমিটি

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।